



# ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ

বিডিবিএল ভবন (লেভেল-২১), ৮ রাজউক এভিনিউ, ঢাকা-১০০০।

## ইউনিট ফান্ড ডিপার্টমেন্ট বিজ্ঞপ্তি

### ২০১৩-২০১৪ অর্থবছরের অদাবীকৃত লভ্যাংশপত্র নগদায়ন প্রসঙ্গে।

আইসিবি ইউনিট ফান্ড এর সম্মানিত ইউনিট ধারকগণের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আইসিবি ইউনিট রেগুলেশনস, ১৯৮১ এর ১৩নং প্রবিধি-এর 'বি' উপবিধি অনুযায়ী ০৬(ছয়) বছর অতিক্রান্ত সকল অদাবীকৃত লভ্যাংশ আইসিবি-র পরিচালনা বোর্ডের সিদ্ধান্ত মোতাবেক বাজেয়াপ্তযোগ্য। এ প্রেক্ষিতে ২০১৩-২০১৪ অর্থবছরে ইস্যুকৃত অদাবীকৃত লভ্যাংশপত্র আগামী ৩১-০৭-২০২০ তারিখের মধ্যে অবশ্যই নগদায়ন করতে হবে। অন্যথায় ০১-০৮-২০২০ তারিখের পর উক্ত অদাবীকৃত লভ্যাংশপত্র বাজেয়াপ্ত (Forfeit) করা হবে।

এমতাবস্থায়, আইসিবি ইউনিট ফান্ডের ২০১৩-২০১৪ অর্থবছরের অনগদায়নকৃত লভ্যাংশপত্র আগামী ৩১-০৭-২০২০ তারিখের মধ্যে এবং পরবর্তীতে অন্যান্য সকল লভ্যাংশপত্র ০৬(ছয়) বছরের মধ্যে নগদায়নের জন্য সংশ্লিষ্ট সকল ধারককে বিশেষভাবে অনুরোধ জানানো যাচ্ছে।

স্বাক্ষরিত/-

(বাবুল চন্দ্র দেবনাথ)

সহকারী মহাব্যবস্থাপক

ফোনঃ ৪১০৫০৬০৪